



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-১ শাখা
www.ictd.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৪.২৩.০০১.২১.১৫৭

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

বিষয়: ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ এর মনোনয়নের জন্য প্রস্তাব আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদানের জন্য মনোনয়ন/আবেদনপত্র আহ্বান করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)।

(ক) সাধারণ

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মানব সম্পদ উন্নয়ন;
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের বিকাশে অবদান;
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়নে অবদান;
৪. কেন্দ্রীয়/মাঠ পর্যায়ে/বাংলাদেশ মিশনে ই-সার্ভিস বাস্তবায়ন; এবং
৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সেবার মান উন্নয়ন।

(খ) কারিগরি

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সফটওয়্যার/হার্ডওয়্যার/নেটওয়ার্ক উন্নয়ন;
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের নিরাপত্তা (সাইবার নিরাপত্তা) নিশ্চিতকরণ;
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও উদ্ভাবন; এবং
৪. বাংলাদেশে সমৃদ্ধি আনয়নে ফ্রন্টিয়ার/ইমার্জিং টেকনোলজির ব্যবহার।

০২। এমতাবস্থায়, ২০২০ (জানুয়ারি-ডিসেম্বর) সালের কর্মকান্ড বিবেচনাপূর্বক ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং তাঁর আওতাধীন সকল দপ্তর/ সংস্থাকে অবহিত ও নির্দেশনা এবং পুরস্কারের জন্য বিবেচনার নিমিত্ত স্ব স্ব প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

শর্তাবলী:

- (ক) মনোনয়ন/আবেদনপত্র আগামী ২৭/০৮/২০২১ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
- (খ) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১'-এ বর্ণিত মনোনয়ন ছক/আবেদন ফরম অনুযায়ী যথাযথভাবে পূরণ করে মনোনয়ন/আবেদনপত্র দাখিল করতে হবে। উল্লেখ্য যে, অনলাইন প্রক্রিয়ায় আবেদনের ক্ষেত্রেও একই মনোনয়ন ছক/আবেদন ফরম ব্যবহার করা হয়েছে;
- (গ) নীতিমালায় বর্ণিত মনোনয়ন ছক/আবেদন ফরম এবং ওয়েবসাইটে প্রকাশিত মনোনয়ন ছক/আবেদন ফরম ব্যতীত অন্য কোনো ছক/ফরম-এ মনোনয়ন/আবেদনপত্র গ্রহণ করা হবে না;
- (ঘ) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১-এর ৮ ধারায় বর্ণিত মনোনয়ন প্রেরণ প্রক্রিয়া সম্পর্কিত বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঙ) ই-মেইল (dbd2021@doict.gov.bd)-এর মাধ্যমে বর্ণিত পূরণকৃত মনোনয়ন ছক/আবেদন ফরম (সংযোজনী ক, খ ও গ) প্রেরণের ক্ষেত্রে স্বাক্ষরিত হার্ডকপি .pdf ফরম্যাটে এবং পূরণকৃত মনোনয়ন ছক/আবেদন ফরম-এর word ফাইল .docx ফরম্যাটে প্রেরণ করতে হবে;

(চ) ডাকযোগের মাধ্যমে মনোনয়ন/আবেদনপত্র প্রেরণের ক্ষেত্রে ঠিকানা (জনাব মোঃ ফিরোজ সরকার, উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ই-১৪/এক্স (১১তলা), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭) ব্যবহার করতে হবে; এবং

(ছ) বিস্তারিত তথ্য জানতে www.digitalbangladesh.gov.bd ওয়েবসাইট ভিজিট করুন।

সংযুক্তি:

(ক) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১

(খ) মনোনয়ন আবেদনপত্র আহ্বান সংক্রান্ত/বিজ্ঞপ্তি



২০-৮-২০২১

ড. খন্দকার আজিজুল ইসলাম

অতিরিক্ত সচিব

ফোন: ০২-৪১০২৪০২২

ইমেইল:

khandokerazizul@ictd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) দপ্তর/সংস্থা/এজেন্সি প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৪) প্রকল্প পরিচালক, ফোর টায়ার জাতীয় ডাটা সেন্টার প্রকল্প
- ৫) প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব), উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, স্টার্ট আপ বাংলাদেশ লিমিটেড, **Concord Silvy Heights, 8 floor, 73 Gulshan avenue, Gulshan-1, Dhaka**
- ৭) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)
- ৮) সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)
- ৯) সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ কল সেন্টার এন্ড আউটসোর্সিং (বাক্সো)
- ১০) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (আইএসপিএবি)
- ১১) সভাপতি, ই-কমার্স এ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (ই-ক্যাব)
- ১২) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি

১৩) সভাপতি, বাংলাদেশ ওম্যান ইন আইটি
(বিডাব্লিউআইটি)

১৪) সভাপতি, এ্যাসোসিয়েশন অফ মোবাইল টেলিকম
অপারেটরস অফ বাংলাদেশ (অ্যামটব))

১৫) সভাপতি, আমরাই ডিজিটাল বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৪.২৩.০০১.২১.১৫৭/১(৩)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) সহকারী প্রোগ্রামার (সংযুক্ত), প্রশাসন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



২০-৮-২০২১

ড. খন্দকার আজিজুল ইসলাম
অতিরিক্ত সচিব